

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
পরিকল্পনা-৩ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয়ঃ “ন্যাশনাল মেরিটাইম ইনসিটিউট কর্তৃক “ন্যাশনাল মেরিটাইম ইনসিটিউট স্থাপন মাদারীপুর শাখা” শীর্ষক প্রকল্পের ১ম টিয়ারিং
কমিটি সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোঃ আব্দুস সামাদ, সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়।

স্থান : মন্ত্রণালয়ের সভাকক্ষ;

তারিখ ও সময় : ০৬/০৫/২০১৮ ইং, দুপুর ১২.৩০ ঘটিকা;

উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা পরিশিষ্ট ‘ক’ তে সংযুক্ত।

২। আলোচনা:

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিত্রিমে প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, নৌপরিবহন মন্ত্রণালয়ের আওতায় বাস্তবায়নাধীন, “ন্যাশনাল মেরিটাইম ইনসিটিউট স্থাপন মাদারীপুর শাখা” শীর্ষক প্রকল্পটি মে, ২০১৭ হতে জুন, ২০২০ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত আছে। যার প্রাকলিত ব্যয় ৪৯.৪৮ কোটি টাকা। উক্ত প্রকল্পের আওতায় একাডেমিক ও হোস্টেল ভবন, ৮০০ বর্গফুটের কোয়ার্টার, গার্ডরম, লাইফ বোর্ড জেটি, ড্রাইভিং স্টেজ, প্রশিক্ষণ পুকুর, ভূমি উন্নয়ন, কম্পাউন্ড ড্রেন, আরসিসি বাউন্ডারি ওয়াল, এপ্রোচ রোড ইত্যাদি কার্যক্রম বাস্তবায়ন করা হবে। এ একাডেমির মাধ্যমে ট্রেনিং রেটিং, সিম্যানদের ট্রেনিং দেয়া হবে। প্রতি বাচে ৩০০ জনকে ট্রেনিং দেয়া হবে। ২০১৭-১৮ অর্থবছরে প্রকল্পের অনুকূলে ২০০.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। প্রকল্পের ক্রয় পরিকল্পনা অনুযায়ী প্যাকেজ নং ০৭ (ভূমি উন্নয়ন, কম্পাউন্ড ড্রেন, আরসিসি বাউন্ডারি ওয়াল, এপ্রোচ রোড, গ্যারেজ এবং সাইকেল সেড নির্মাণ) নিয়ে আলোচনা কালে গণপূর্ত অধিদণ্ডের নির্বাহী প্রকৌশলী, মাদারীপুর জানান, অনুমোদিত ডিপিপিতে প্যাকেজ ০৭ এর জন্য ৫১৩.৪৯ লক্ষ টাকার সংস্থান আছে। মাটি ভরাটের কাজের দরপত্র আহবান ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। একাডেমির জন্য নির্ধারিত জায়গাটি পদ্ধানদী হতে প্রায় ৩০ কি.মি. দূরে এবং জায়গাটি ১৭ ফুট গভীরতা হওয়ায় উল্লেখিত প্যাকেজের সকল কাজ সম্পন্ন করতে প্রাকলিত ব্যয়ের অতিরিক্ত প্রায় ১২ কোটি টাকা প্রয়োজন হবে। জায়গাটি চারিদিকে ১৭ ফিট রিটেনিং ওয়াল এবং উপরে ৬ ফিট বাউন্ডারি ওয়ালের প্রয়োজন হবে।

৩। পরিকল্পনা কমিশনের কার্যক্রম বিভাগের প্রতিনিধি একাডেমির স্থান নির্বাচন ডিপিপি অনুমোদনের পূর্বে হয়েছিল কিনা; জানতে চাইলে প্রকল্প পরিচালক জানান সাইটটি খাসজমি। স্থাপত্য অধিদণ্ডের প্রতিনিধি জানান, একাডেমির মাষ্টার প্ল্যানে যে সকল স্থাপনা আছে তা রিটেইনিং ওয়াল করা ব্যতিত ৫ একর জায়গায় করা সম্ভব নয়। এছাড়া সাইট ১৭ ফিট নিচু হওয়ায় অন্যান্য প্যাকেজ/অঙ্গের ব্যয় বৃদ্ধি পাবে। সেক্ষেত্রে অতিরিক্ত ব্যয় বৃদ্ধির জন্য প্রকল্পটি সংশোধন করতে হবে মর্মে যুগ্ম প্রধান নৌপরিবহন মন্ত্রণালয় মতামত ব্যক্ত করেন। অতিরিক্ত সচিব (উন্নয়ন) প্রকল্পের অনুকূলে বরাদ্দকৃত অর্থ চলতি অর্থ বছরে ব্যয় করতে পারবে কি না জানতে চাইলে প্রকল্প পরিচালক জানান এ অর্থ বছরের বাকি সময়ে ব্যয় করা সম্ভব হবে না বিধায় সমর্পণ করতে হবে অথবা উপযোজন করতে হবে। বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিত্রিমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

৪। সিদ্ধান্তসমূহঃ

- (ক) ভূমি উন্নয়ন, কম্পাউন্ড ভ্রেন, আরসিসি বাউন্ডারী ওয়াল, এপ্রোচ রোড এর জন্য অনুমোদিত ডিপিপি'র প্রাকলিত ব্যয় যৌক্তিকভাবে নির্ধারণপূর্বক ডিপিপি'তে সন্তুষ্টি করতে হবে।
- (খ) প্রকল্পটির যৌক্তির কারণে প্রকল্পের যে সমস্ত অঙ্গের ব্যয়খাত বৃদ্ধির প্রয়োজন হবে সেগুলোকে সম্পাদনপূর্বক সংশোধিত ডিপিপি মন্ত্রণালয়ে দাখিল করতে হবে।
- (গ) চলতি অর্থ বছরে উক্ত প্রকল্পের অনুকূলে বরাদ্দকৃত ২০০.০০ লক্ষ টাকার মধ্যে যে পরিমাণ অর্থ খরচ হবেনা তা জরুরিভিত্তিতে মন্ত্রণালয়কে জানাতে হবে।
- (ঘ) উপর্যুক্ত 'ক' এবং 'খ' এর সিদ্ধান্তের আলোকে উক্ত প্রকল্পের ১ম সংশোধিত ডিপিপি জরুরিভিত্তিতে মন্ত্রণালয়ে দাখিল করতে হবে।

৫। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/
তা: ১৭/০৫/২০১৮
(মোঃ আবদুস সামাদ)
সচিব
নৌপরিবহন মন্ত্রণালয়

স্মারক নং-১৮.০২২.১৯০.০১৪.০০১.২০১৮ (১)/৭২


তারিখ: ২০/০৫/২০১৮ প্রিঃ।

বিতরণ (জ্যোষ্ঠতার ভিত্তিতে নহে) :

- ১। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দঃ আঃ মহা-পরিচালক, মনিটরিং সেল, অর্থ বিভাগ)।
- ২। সচিব, অর্থমৈতিক সম্পর্ক বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৩। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৪। সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলানগর, ঢাকা।
- ৫। সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলানগর, ঢাকা।
- ৬। প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, সেগুন বাগিচা, ঢাকা।
- ৭। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুন বাগিচা, ঢাকা।
- ৮। অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইনসিটিউট, হালিশহর, চট্টগ্রাম।
- ৯। প্রকল্প পরিচালক, ন্যাশনাল মেরিটাইম ইনসিটিউট স্থাপন মাদারীপুর শাখা" শীর্ষক প্রকল্প জাতীয় মহিলা সংস্থা, ১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।

অনুলিপি :

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। প্রেসারার, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (তাঁকে কার্যবিবরণীটি ওয়েবসাইটে দেয়ার জন্য অনুরোধ করা হলো)।
- ৩। যুগ্ম-প্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। উপ-প্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


Md. Alomgir ২০.০৫.২০১৮
এস. এম. আলমগীর
সহকারী প্রধান
ফোনঃ ৯৫১৪৪৭৬